

প্রেমিক আসলে

অংশুমান কর

গলির মাথায়
ছোট্ট বিকেলে
পাহাড়ের নিচে
উদাসীন বাসে
বলেনি তো কিছু
বলেনি তো কিছু
ছোঁয়া দিয়ে গেছে
ছোঁয়া দিয়ে গেছে...

প্রেমিক আসলে
শিশুটির মত
ভাষা নেই তার
ইশারা রয়েছে

পপি

সেবস্তী ঘোষ

পাপির ফুল ফুটছে মধ্যরাতে। আকাশে তখন অর্ধস্ফুট ছায়াপথ, নীলাভ চাঁদের উপর সরের আচ্ছন্নতা ঘুলিয়ে উঠছে, চাষ মিয়মসন্নত নয় তাই তার অবির্ভাবও গোপন, বিধুর সংরাগে পপির স্বচ্ছ পাতা দুর্দম বাতাসকে আহ্বান করছে। ঝড়ে একমাত্র ঘাসই টিকে থাকে, তাই এ যুদ্ধ অসম নয়। তখন ঝিমুচ্ছে রাত, পোস্তু দানায় ভরে উঠছে মৃদুল শরীর আর সে হৃদয় হারানোর রাতে একটি পপির ফুল কি অসীম সম্ভাবনায় দুলে যাচ্ছে গোপনে, চাঁদ চাইছে তাকে, তস্কর সদৃশ বাতাস, দেখো কি আকাঙ্ক্ষায় ছুঁয়ে যাচ্ছে তাকে। যারা তাকে চায়, এমন গোপনেই চায়!

যবনিকা

দেবর্ষি সরকার

খাঁ খাঁ করিডোর পথে মহাকাল ঈষৎ প্রকট
বিষদ প্রখর তেজ বিকলাঙ্গ রেলিঙের কাঁধে
অপেক্ষা পরমসত্য, বোবাদের মিলন অনীহা
প্রভৃতি বিষয় নিয়ে গবেষণা জারি রাখা যেত
যদিও শীতের দিন প্রধানত ছোট ও সরল
ক্ষিদের শহর নেই, ঘুম নেই, ঘুমের বসতি
দিনান্তে ছায়ার মত, ছায়ার পদবী নেই, তবু
তার ডাক পড়ে নিত্য, শুভ ও অশুভ জমায়েতে

লোকারণ্য, পাদপদ্মে অধমের বায়বীয় স্পৃহা
ঘনীভূত, যথাক্রমে ব্যারিকেড এবং ট্রিলজি
থেকে বাদ পড়া একটি শর্টফিল্ম (প্রচার বিমুখ)
যেভাবে ফিচেল হাসি পরিবেশনার আবহকে
স্টিলশটে খামিয়েছে, ব্যারিটোন ভয়েস ওভার
কার গলা চিনেছো কি ? জমকালো প্রাইজ ঘোষিত

ক্ষণজন্ম বিরতি ও পপকর্ণ হকার সমূহ
স্বরবৃত্তে মানালো না গতিবেগ জনিত কারণে
কুশীলব স্পেস দিলে হতবাক কপোতীর ব্রীড়া
পিনিক মিশেল দিচ্ছে বহিরঙের নির্মাণকালে
বাধ্যতামূলকভাবে ধীরলয়ে জাগতিক পীড়া
আমানতি টিপ রাখে পরমায়ু নতুবা কপালে
ব্রহ্মজ্ঞানী পীর ডাকে মায়াপথ ভ্রমণের আগে

মহেঞ্জোদাড়ো

অরিন্দম রায়

ও প্লাবন!
ও আমার
পোড়খাওয়া হিংসেগুলো নিয়ে
সদর দরজা তার
সামনে খোলা সিংহের মুখ!

আমি সেই জিভের উপরে রাখি
কৃত্তিকা নক্ষত্র! ওই ভেজা মাটি
নীচে গুল্মের মতো ছড়ানো শরীর

ওঠো - সজোরে ওঠো
ধাক্কা দাও, বারবার

রহস্য রোমাঞ্চে কাতর
গভীরে বসিয়ে দাও নখ!

কাঠের কলমদানি

পিয়াল ভট্টাচার্য

১.
প্রকৃত নিয়ম মেনে কাঠের কলমদানি হয়ে ওঠে সংকেত আভাস
তোমার শরীরী ঘ্রাণ তাহাতেই মিশেছিল, আজ যাহা বাতাসে মিলায়
তবুও গাছের শোক মাঝরাতে জেগে ওঠে খোদাইয়ের নিখুঁত প্রয়াসে
ভিতরের শূন্যতাটি ঘিরে রাখে অন্ধকার... অশ্রুবাস্প পরিখা তাহার...